গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শ্যামনগর, সাতক্ষীরা
www.shyamnagar.satkhira.gov.bd

# জলমহাল ইজারা বিজ্ঞপ্তি

সাতক্ষীরা জেলার শ্যামনগর উপজেলাধীন ২০ (বিশ) একর পর্যন্ত বদ্ধ জলমহাল ১৪৩২ বঙ্গাব্দ থেকে ১৪৩৪ বঙ্গাব্দ পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে শুধুমাত্র নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির নিকট ইজারা প্রদানের নিমিত্ত নির্ধারিত ফরমে আবেদনপত্র আহবান করা যাচ্ছে। আবেদন ফরম দাখিলের নিম্নবর্ণিত তারিখের পূর্বদিন পর্যন্ত (ছুটির দিন ব্যতিত) অফিস চলাকালীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শ্যামনগর, সাতক্ষীরা; উপজেলা ভূমি অফিস, শ্যামনগর, সাতক্ষীরা এবং জেলা প্রশাসকের কার্যালয়, সাতক্ষীরা হতে আবেদন ফরম সংগ্রহ করা যাবে। ছকে বর্ণিত তারিখসমূহে দুপুর ১:০০ টার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় এবং জেলা প্রশাসকের কার্যালয়ে রক্ষিত টেন্ডার বাক্সে দরপত্র দাখিল করতে হবে এবং ঐদিন বেলা ৩:০০ টায় দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ থাকেন) দরপত্র বাক্স খোলা হবে। ধার্য তারিখে যে সকল জলমহালের জন্য দরপত্র গৃহীত হবে সে সকল জলমহাল টেন্ডার বাদ দেয়া হয়েছে মর্মে গণ্য হবে।

"ছক"

| ক্রমিক | তারিখ | গৃহীত কার্যক্রম |
|---|---|---|
| ১ | ২১ পৌষের মধ্যে | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় কর্তৃক বিজ্ঞপ্তির মাধ্যমে সাধারণ আবেদনে জলমহাল ইজারার আবেদন আহবান |
| ২ | ০১ মাঘ থেকে ১৪ মাঘের মধ্যে | অনলাইনে ইজারার আবেদন দাখিল<br>অনলাইনে আবেদনের ওয়েবসাইট : lams.gov.bd |
| ৩ | ১৪ মাঘ এর পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা, মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল |
| ৪ | ২০ মাঘ থেকে ২৬ মাঘ এর মধ্যে | অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্ডেড কপি যাচাই-বাছাই |
| ৫ | ২৭ মাঘ থেকে ০৪ ফাল্গুন এর মধ্যে | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন |
| ৬ | ০৫ ফাল্গুন থেকে ২৫ ফাল্গুন এর মধ্যে | ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ (প্রযোজ্য ক্ষেত্রে) এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন |
| ৭ | ২৬ ফাল্গুন থেকে ২৮ ফাল্গুন এর মধ্যে | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারা গ্রহীতাকে অবহিতকরণ |
| ৮ | ২৯ ফাল্গুন থেকে ২০ চৈত্র এর মধ্যে | ইজারাগ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্যে ইজারামূল্য ও অন্যান্য সরকারি করাদি জমা প্রদান এবং ইজারা গ্রহীতার সাথে চুক্তি সম্পাদন |
| ৯ | ০১ বৈশাখ | ইজারাগ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া |

## : শর্তাবলী :

১। জলমহালের আবেদন ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকার (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার উপজেলা নির্বাহী অফিসার, শ্যামনগর, সাতক্ষীরা এর নামে আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।

২। জলমহাল নির্ধারিত ইজারা মূল্যের কম মূল্যে ইজারা দেয়া যাবে না।

৩। সংশ্লিষ্ট জলমহালের জন্য নির্ধারিত ইজারা মূল্যের ২০% জামানত হিসেবে যে কোন তফসিলভুক্ত ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার উপজেলা নির্বাহী অফিসার, শ্যামনগর, সাতক্ষীরা এর নামে আবেদনপত্রের সাথে জমা দিতে হবে যা জলমহাল ইজারার শেষ বছরে ইজারা মূল্যের সাথে সমন্বয় হবে।

৪। সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার পাবে।

৫। প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতিকে অবশ্যই সমবায় অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত হতে হবে।

৬। নির্বাহী কমিটিতে বা সমিতিতে প্রকৃত মৎস্যজীবী ব্যতীত অন্য কোন সদস্য থাকলে ঐ প্রতিষ্ঠানটি আবেদনের যোগ্য হবে না।

৭। প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি যারা সমাজসেবা অধিদপ্তরে নিবন্ধিত/বর্তমানে কার্যকর অন্য কোন সমিতির প্রমাণ স্বরূপ সমবায় কর্মকর্তা/সমাজসেবা কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নপত্র এবং বিগত দুই বছরের অডিট রিপোর্ট দাখিলের সাপেক্ষে আবেদন করতে পারবেন।



CamScanner

৮। কোন ব্যক্তি অথবা অনিবন্ধিত সংগঠন আবেদন করতে পারবে না।

৯। লীজ পাওয়া জলমহাল কোনভাবেই সাবলীজ বা অন্যত্র হস্তান্তর করা যাবেনা। কেবলমাত্র সরকারের অনুকূলে হস্তান্তর করা যাবে।

১০। আবেদনপত্রের সাথে সংগঠন/সমিতির নির্বাচিত কমিটি, গঠনতন্ত্রের কপি, ব্যাংক একাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যয়নপত্রসহ প্রয়োজনীয় তথ্য ও সত্যায়িত ছবি সংযোজন করতে হবে।

১১। লীজ পাওয়ার লক্ষ্যে সংশ্লিষ্ট জলমহালের মৎস্য চাষ, উৎপাদন, সুষ্ঠু ব্যবস্থাপনায় পরিকল্পনায় ও রূপরেখা সংযুক্ত করতে হবে।

১২। আবেদনকারী সমিতি/সংগঠনের কোন ধরনের জঙ্গি সম্পৃক্ততা/পূর্বে কোন জলমহালের ইজারা মূল্য পরিশোধের খেলাপি থাকলে/জলমহাল সংক্রান্ত সার্টিফিকেটমামলা থাকলে ইজারা প্রদান করা যাবেনা।

১৩। কোন মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন দুটির অধিক জলমহাল বন্দোবস্ত পাবে না।

১৪। খামের উপর জলমহালের নাম স্পষ্টাক্ষরে লিখতে/উল্লেখ করতে হবে।

১৫। জলমহালের দখল গ্রহণের পূর্বে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন জুডিশিয়াল স্ট্যাম্পে প্রয়োজনীয় চুক্তিপত্র সম্পাদন করতে হবে। যাতে প্রযোজ্য শর্তসমূহ উল্লেখ থাকে।

১৬। জলমহালের ইজারার মেয়াদ ১লা বৈশাখ হতে শুরু হবে এবং বছরের যে কোন সময় জলমহালের ইজারা গ্রহন করলেও ইজারা মেয়াদ একই বছরের ১লা বৈশাখ হতে কার্যকর হবে এবং একই বছরের ৩০ চৈত্র তারিখ তা শেষ হবে। এই সময়ের মধ্যে যদি কোন কারণে খাস কালেকশন করা হয় তাহলে তা সরকারী খাতে জমা হবে, ইজারা সমিতি/সংগঠন পাবে না।

১৭। কর্তৃপক্ষ যে কোন আবেদনপত্র গ্রহন বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন। সকল ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।

১৮। প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি যারা সমবায় অধিদপ্তরে নিবন্ধিত, যেখানে প্রকৃত মৎস্যজীবী ছাড়া অন্য কোন সদস্য নেই তারাও আবেদনে অংশ গ্রহণের জন্য উপযুক্ত বিবেচিত হবেন।

১৯। সময়মত লীজমানি পরিশোধ না করা, তথ্য গোপন করা কিংবা অন্য অনিয়মের কারণে কোন জলমহালের লীজ বাতিল করা হলে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি উক্ত জলমহাল পুনরায় যথানিয়মে লীজ প্রদানের ব্যবস্থা গ্রহন করবেন।

২০। উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি সিদ্ধান্তের প্রেক্ষিতে বন্দোবস্ত/ইজারা প্রাপ্ত প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতিকে ১ম বছরের সাকুল্য ইজারা মূল্য সিদ্ধান্ত প্রদানের ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে পরিশোধ করতে হবে। সম্পূর্ন টাকা পরিশোধের পর ইজারা গ্রহিতা নিজ উদ্যোগে চুক্তিপত্র সম্পাদন ক্রমে জলমহালের দখল বুঝে নিবেন।

২১। ২য় বছরে ১ম বছরের ইজারা মূল্যের উপর ৫% বর্ধিত হারে সম্পূর্ন ইজারা মূল্য ১ম বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে এবং পরবর্তী বছরের ইজারা মূল্যে একইভাবে ৫% বর্ধিত হারে পূর্ববর্তী বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে যুক্তিসংগত কারণ ব্যতিত সমুদয় ইজারা মূল্য পরিশোধে ব্যর্থ হলে ইজারা বাতিল করা হবে এবং জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।

২২। আবেদন ফরম ব্যবহারের মেয়াদ কেবল মাত্রনির্দিষ্ট তারিখ অর্থাৎ যে তারিখের জন্য ক্রয় করা হবে সেই তারিখে এবং যে জলমহালের জন্য ক্রয় করা হবে শুধুমাত্র সে জলমহালের ক্ষেত্রে দাখিলের জন্য প্রযোজ্য হবে। এক্ষেত্রে আবেদনের সাথে সংযুক্ত ব্যাংক ড্রাফট বাজেয়াপ্ত করা হবে।

২৩। মামলা জনিত কারণে/উর্ধ্বতন কর্তৃপক্ষের আদেশের কারণে বা অন্য কোন আইন সংগত কারণে জলমহাল সমূহের সময়মত দখল না পাওয়ার বিষয়ে কোন অজুহাত গ্রহণযোগ্য হবে না।

২৪। জলমহাল সংক্রান্ত বিধিসমূহ সর্বক্ষেত্রে প্রযোজ্য হবে এবং সরকারি বিধিমত প্রচলিত হারে আয়কর/ভ্যাট জমা দিতে হবে।

২৫। আদালতের কোন মামলা /প্রাকৃতিক কারনে কোন ক্ষতি গ্রস্ততার কোন অজুহাত গ্রহনযোগ্য হবে না।

২৬। প্রাকৃতিক ভারসাম্য নষ্ট হতে পারে এ ধরনের কোন কার্যক্রম গ্রহণ করা যাবে না। জলমহালের প্রাকৃতিক পরিবেশ পরিবর্তনে কোন প্রকার ক্ষতিসাধন করা যাবে না। এরূপ করা হলে ইজারা বাতিল করা হবে।

২৭। লীজ গ্রহিতার জলমহালের পরিসীমা বজায় রাখবেন এবং সংরক্ষণ করবেন যাতে কেউ সংশ্লিষ্ট জলমহালের অনুপ্রবেশ বা বেআইনীভাবে দখল না করে তা নিশ্চিত করবেন।

২৮। জলমহালের কোন অংশে স্থায়ী/অস্থায়ী বাঁধ/ প্রতিবন্ধকতা স্থাপন করা যাবে না যাতে ফৌজদারী কার্যবিধি ১৩৩ ধারা অথবা ১৯৫০ সালের মৎস্য রক্ষা ও সংরক্ষণ আইনের কোন ধারা লঙ্ঘিত হয়।

২৯। অনুমোদিত ইজারা গ্রহিতা সরকার বা কর্তৃপক্ষ কর্তৃক নিষিদ্ধ ঘোষিত কোন উপায়ে মৎস্য শিকার করতে পারবে না। কর্তৃপক্ষ বা সরকারি মৎস্য বিভাগ কর্তৃক সকল আদেশ নিষেধ ইজারা গ্রহীতা পালন করতে বাধ্য থাকবেন। মৎস্য আহরণের ক্ষেত্রে পাইল পদ্ধতি অনুসরণ করতে হবে।

৩০। জলমহালের ইজারা নেয়ার পরে কোন সংগঠন/সমিতি জলমহাল ভরাট বা অন্য কোন অজুহাত উত্থাপন করতে পারবেন না। প্রয়োজনে আবেদন দাখিলের পূর্বে সমিতি/সংগঠন সরেজমিনে জলমহালের বাস্তব অবস্থা সম্পর্কে অবহিত হয়ে ইজারা কার্যক্রমে অংশগ্রহণ করবেন।



CamScanner

## ১৪৩২-১৪৩৪ বাংলা সন পর্যন্ত ইজারাযোগ্য জলমহালের তালিকা নিম্নরূপ :

| ক্রঃ নং | ইউনিয়নের নাম | জলমহালের নাম | আয়তন (একরে) | বাংলা ১৪৩২ নির্ধারিত ইজারা মূল্য | আবেদন পত্রের মূল্য (অফেরত যোগ্য) |
|---|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৭ |
| ১) | কৈখালী | মধুখালী খাল জলমহাল | ১০.০৮ একর | ২২,২২৭/- | ৫০০/- |
| ২) | কৈখালী | টেংরাখালী খাল জলমহাল | ১০.০৮ একর | ২২,২২৭/- | ৫০০/- |
| ৩) | কৈখালী | কাটাখালী খাল জলমহাল | ১২.৮৫ একর | ৩৮,৫৫০/- | ৫০০/- |
| ৪) | কৈখালী | সোরার খাল জলমহাল | ৫.২৫ একর | ১৫,৭৫০/- | ৫০০/- |
| ৫) | কৈখালী | কালিকাখালী খাল জলমহাল | ৫.২৮ একর | ১৫,৮৪০/- | ৫০০/- |
| ৬) | কৈখালী | শিবচন্দ্রপুর খাল জলমহাল | ৪.৭৬ একর | ১৪,২৮০/- | ৫০০/- |
| ৭) | কৈখালী | বাদলতলীর খাল জলমহাল | ৮.৫৫ একর | ২৫,৬৫০/- | ৫০০/- |
| ৮) | কৈখালী | পাশমামুন্দার খাল জলমহাল | ১০.০১ একর | ৩০,০৩০/- | ৫০০/- |
| ৯) | কৈখালী | সাপখালীর খাল জলমহাল | ১১.৯৪ একর | ৩৫,৮২০/- | ৫০০/- |
| ১০) | বুড়িগোয়ালিনী | ভামিয়া খাল জলমহাল | ৮.১২ একর | ১৭,৯০৫/- | ৫০০/- |
| ১১) | বুড়িগোয়ালিনী | মগরার খাল জলমহাল | ১২.১৮ একর | ৩৮,৩৭৮/- | ৫০০/- |
| ১২) | কাশিমাড়ী | চরা নদী/চরা খাল জলমহাল | ১০.১০ একর | ২২,২৩৪/- | ৫০০/- |
| ১৩) | কাশিমাড়ী | সংক্রান্তির খাল জলমহাল | ৬.৭৮ একর | ১২,০৩৮/- | ৫০০/- |
| ১৪) | কাশিমাড়ী | জোটতলার খাল জলমহাল | ৩.৬৫ একর | ৮,৮৮০/- | ৫০০/- |
| ১৫) | কাশিমাড়ী | আগারখাল খাল জলমহাল | ৫.০২ একর | ১৫,০৬০/- | ৫০০/- |
| ১৬) | কাশিমাড়ী | গোদাড়ার খাল জলমহাল | ৫.০০ একর | ১৫,০০০/- | ৫০০/- |
| ১৭) | কাশিমাড়ী | আড়ুয়ার খাল জলমহাল | ৭.৩২ একর | ২১,৯৬০/- | ৫০০/- |
| ১৮) | আটুলিয়া | হেঞ্চির খাল জলমহাল | ৩.৯৬ একর | ১১,২৬৬/- | ৫০০/- |
| ১৯) | আটুলিয়া | কল্লোল খাল জলমহাল | ৯.৫৭ একর | ২১,১০২/- | ৫০০/- |
| ২০) | আটুলিয়া | পাথরখালী খাল জলমহাল | ৭.৮৪ একর | ২২,১২৯/- | ৫০০/- |
| ২১) | আটুলিয়া | পায়রামারীর খাল জলমহাল | ৪.২৯ একর | ১২,৮৭০/- | ৫০০/- |
| ২২) | ঈশ্বরীপুর | নেবুখালী খাল জলমহাল | ৪.০০ একর | ১১,২৬৬/- | ৫০০/- |
| ২৩) | ঈশ্বরীপুর | গজালমারী খাল জলমহাল | ৯.৯৫ একর | ২৯,৫৭৫/- | ৫০০/- |
| ২৪) | ভুরুলিয়া | নীমতলার খাল জলমহাল | ৫.৯৬ একর | ১৭,৮৮০/- | ৫০০/- |
| ২৫) | নূরনগর | মাদারনদী খাল জলমহাল (হরিপুর বাঁধ-ডিবি রোড) | ৫.৬০ একর | ১২,৯৪৩/- | ৫০০/- |
| ২৬) | মুন্সিগঞ্জ | কচুখালী খাল জলমহাল | ১২.৯২ একর | ৭০,৪১১/- | ৫০০/- |
| ২৭) | গাবুরা | জেলিয়াখালী খাল জলমহাল | ৯.৮৪ একর | ২৯,৫২০/- | ৫০০/- |
| ২৮) | গাবুরা | ছোট জেলিয়াখালী খাল জলমহাল | ৫.৩০ একর | ১৫,৯০০/- | ৫০০/- |
| ২৯) | গাবুরা | হাপর খাল জলমহাল | ৯.৫১ একর | ২৯,২৮৯/- | ৫০০/- |
| ৩০) | পদ্মপুকুর | ধেড়েখালী খাল জলমহাল | ২.৭২ একর | ৮,৩৯৪/- | ৫০০/- |

এতদ্ব্যতীত জলমহাল ইজারা সংক্রান্ত শর্তাবলী ও বিস্তারিত বিবরণ অফিস চলাকালীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শ্যামনগর, সাতক্ষীরা থেকে জানা যাবে।

(মোছাঃ রনী খাতুন)
উপজেলা নির্বাহী অফিসার
শ্যামনগর, সাতক্ষীরা
ফোনঃ ০৪৭২৬-৪৪০০৪
ফ্যাক্স- ০৪৭২৬-৪৪২২৬
unoshaymnagar14@gmail.com

CamScanner

স্মারক নং- ০৫.১৫.৮৭৮৬.০১৮.২৩.০১৫.২৫- ০৯ তারিখ: ০৫.০১.২০২৫ খ্রি.

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরিত হলো :

০১। জেলা প্রশাসক, সাতক্ষীরা।

০২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), সাতক্ষীরা।

০৩। উপজেলা নির্বাহী অফিসার......................................(সকল), সাতক্ষীরা।

০৪। সহকারী কমিশনার (ভূমি) .............................. (সকল), সাতক্ষীরা।

০৫। উপজেলা সিনিয়র মৎস্য/সমবায়/সমাজসেবা অফিসার, শ্যামনগর, সাতক্ষীরা (তাঁকে সংশ্লিষ্ট বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টাঙ্গানোসহ এলাকায় ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)

০৬। চেয়ারম্যান................................ (সকল) ইউপি, শ্যামনগর,সাতক্ষীরা (তাঁকে সংশ্লিষ্ট বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টাঙ্গানোসহ এলাকায় ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)

০৭। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা............................................(সকল) ইউনিয়ন ভূমি অফিস, শ্যামনগর, সাতক্ষীরা (তাকে সংশ্লিষ্ট এলাকার হাট-বাজার সমূহে বিজ্ঞপ্তিটি ঢোল-সহরত/মাইকযোগে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)

০৫/০১/২০২৫

(আব্দুল্লাহ আল রিফাত)
সহকারী কমিশনার (ভূমি)
শ্যামনগর, সাতক্ষীরা
মোবাইল: ০১৭৯৯-৭১৬০১৯
ফোন: ০৪৭২৬-৪৪১১৯
acl.shyamnagar@gmail.com



CamScanner